অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/22/2025 **গভর্নর ক্যাথি হোকল**

ভোক্তাদের সুরক্ষা দেওয়া: গভর্নর HOCHUL কম আয়ের নিউ ইয়র্কবাসীদের টার্গেট করা প্রতারণামূলক ওভারড্রাফ্ট ফিয়ের মোকাবেলা করছেন

প্রতারণামূলক ফিয়ের প্র্যাকটিসকে টার্গেট করার জন্য এবং একই সাথে ওভারড্রাফ্ট সার্ভিসের অ্যাক্সেস ধরে রাখার জন্য ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্সিয়াল সার্ভিসেস নতুন নিয়মকানুন প্রস্তাব করেছে

ভোক্তাদের রক্ষা করার জন্য এবং নিউ ইয়র্কবাসীদের পকেটে অর্থ রাখার জন্য গভর্নর Hochul-এর 2025 সালের স্টেট অফ দ্য স্টেট প্রস্তাবনার অংশ

গভর্নর Hochul-এর (হোকল) সম্প্রতি প্রকাশ করা 2025 সালের স্টেট অফ দ্য স্টেটের অংশ হিসেবে, গভর্নর Hochul (হোকল) আজকে ঘোষণা করেছেন যে অন্যায্য ওভারড্রাফ্ট ফিয়ের বিরুদ্ধে ভোক্তার সুরক্ষা বাড়ানোর জন্য ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্সিয়াল সার্ভিসেস নিয়মকানুন প্রস্তাব করেছে। এই নিয়মকানুন নিশ্চিত করবে যাতে ভোক্তাদেরকে ছোট লেনদেনের জন্য আর ওভারড্রাফ্ট ফিয়ের চাপ ভোগ করতে না হয় এবং স্বচ্ছতা উন্নত করার জন্য ভোক্তাদের ওভারড্রাফ্ট ফি সম্পর্কে সময়মতো নোটিশ দেওয়া ব্যাংকগুলির জন্য আবশ্যক করবে।

"গোপন ফি এবং অন্যায্য প্র্যাকটিসের কারণে পরিশ্রমী নিউ ইয়র্কবাসীদের জন্য টিকে থাকা সময়ের সাথে আরো কঠিন হয়ে যাচ্ছে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "ব্যাংকগুলিকে দায়বদ্ধ করার এবং ছোটখাটো লেনদেনের জন্য বেশি ওভারড্রাফ্ট ফিয়ের চাপ হালকা করার সময় এসেছে যাতে নিউ ইয়র্কবাসীর কষ্টে উপার্জিত অর্থ তাদের পকেটেই থাকতে পারে।"

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্সিয়াল সার্ভিসেসের (Department of Financial Services, DFS) সুপারিন্টেনডেন্ট Adrienne Harris (এড্রিয়ান হ্যারিস) বলেন, "একটি স্বাস্থ্যকর বাজার বিকশিত হয় যখন ভোক্তাদের কাছে বিক্রি পণ্য এবং বিক্রেতার প্রতি আস্থা ও বিশ্বাস থাকে। আজকের প্রস্তাবিত নিয়মকানুন নিশ্চিত করে যাতে ভোক্তাদের আর তাদের ব্যাংক অ্যাকাউন্টের সাথে দেওয়া ওভারড্রাফ্ট সার্ভিস ব্যবহার করার জন্য আশ্চর্যজনক এবং অস্বাভাবিক অনুপাতে জরিমানা দিতে না হয়।"

প্রস্তাবিত নিয়মকানুন সবথেকে বেশি প্রতারণামূলক এবং বিভ্রান্তিকর ব্যাংকিং ফি বাতিল করে, ওভারড্রাফ্ট ফি সীমিত করে, কাস্টোমারের সাথে যোগাযোগ জোরদার করে এবং আরো কঠোর লেনদেন প্রসেস করার আবশ্যিকতা স্থাপন করে। স্টেট-চার্টার্ড ব্যাংকগুলির জন্য যা নিষিদ্ধ হবে:

- 20 মার্কিন ডলারের কম ওভারড্রাফ্টের জন্য ওভারড্রাফ্ট ফি নেওয়া।
- ওভারড্র পরিমাণের বেশি এমন ওভারড্রাফ্ট ফি নেওয়া।
- দিনে প্রতি ভোক্তা অ্যাকাউন্টের জন্য তিনটি ওভারড্রাফ্ট বা অপর্যাপ্ত তহবিল ফি (non-sufficient funds, NSF) নেওয়া।
- তাৎক্ষণিকভাবে ব্যর্থ হওয়া ইলেক্ট্রনিক লেনদেনের জন্য NSF ফি নেওয়া।
- একই লেনদেনের জন্য একের বেশি NSF বা ওভারড্রাফ্ট ফি নেওয়া, যার মধ্যে একজন মার্চেন্ট যদি ব্যর্থ হওয়া লেনদেন আবার সাবমিট করে তা থাকবে।
- ওভারড্রাফ্ট ব্যালেন্স পরিশোধ করা পর্যন্ত প্রতি দিনের জন্য একটি "সাস্টেইনড" "ধারাবাহিক" বা "দৈনিক" ফি নেওয়া।
- একটি ওভারড্রাফ্টের জন্য দ্বিগুণ ফি নেওয়া, যেমন অন্য কোনো অ্যাকাউন্ট থেকে ফান্ড ট্রান্সফার করার সময় অটোমেটিক্যালি একটি ফি এবং ওভারড্রাফ্টটির জন্য দ্বিতীয় আরেকটি ফি।
- ইলেক্ট্রনিক ডেবিট লেনদেন এমনভাবে প্রসেস করা যার উদ্দেশ্য হলো ওভারড্রাফ্ট এবং NSF ফিয়ের সংখ্যা সবথেকে বেশি করা।
- লেনদেন শুরু করার সময় ভোক্তার অ্যাকাউন্টে যদি পর্যাপ্ত ফান্ড আছে বলে মনে হয় তখন একটি ইলেক্ট্রনিক লেনদেনের জন্য ওভারড্রাফ্ট ফি নেওয়া।

2022 সালে ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্সিয়াল সার্ভিসেস অন্যায্য ওভারড্রাফ্ট এবং NSF ফি প্র্যাকটিস, যা অনেক সময় "জাঙ্ক ফি" হিসেবে পরিচিত হয় এবং যা কম এবং মাঝারি আয়ের নিউ ইয়র্কবাসীদের অস্বাভাবিক অনুপাতে ক্ষতি করে, সে ব্যাপারে তাদের প্রত্যাশা সম্পর্কে প্রতিষ্ঠানগুলিকে সতর্ক করতে ব্যবস্থা নেয়।

2023 সালে নিউ ইয়র্ক স্টেটের আইনসভা (Legislature) অন্যায্য ব্যাংক ফি প্র্যাকটিসের মোকাবেলা করার জন্য DFS-কে বাড়তি কর্তৃত্ব দেওয়া লেজিস্লেশন পাশ করে, এবং গভর্নর Hochul (হোকল) তা আইন হিসেবে সাইন করেন। গভর্নরের সাশ্রয়ী এজেন্ডার মূল উদ্দেশ্য হলো অন্যায্য প্র্যাকটিসের সমাধান করে এবং অতি প্রয়োজনীয় সার্ভিসের জন্য স্বচ্ছতা নিশ্চিত করার মাধ্যমে নিউ ইয়র্কবাসীদের উপর থেকে আর্থিক চাপ কম করা। প্রতারণামূলক ফিয়ের মোকাবেলা থেকে শুরু করে সাশ্রয়ী হাউজিং এবং চাইল্ড কেয়ারের অ্যাক্সেস বাড়িয়ে তিনি সকল বাসিন্দাদের জন্য আরো সমতার এবং সাশ্রয়ী নিউ ইয়র্ক তৈরি করার ব্যাপারে অঙ্গীকারবদ্ধ আছেন।

এই প্রস্তাবিত নিয়মকানুন পলিসির জন্য DFS-এর ডেটাকেন্দ্রিক উপায়ের ব্যবহারকে তুলে ধরে, এখনকার রেগুলেটরি ল্যান্ডস্কেপ, মার্কেট ট্রেন্ড, ডিপার্টমেন্টের নিজস্ব ওভারড্রাফ্ট স্টাডি, এবং স্টেকহোল্ডারদের ব্যাপকভাবে জড়িত করার কথা বিবেচনা করা হয়। ডিপার্টমেন্টটি জনগণের মন্তব্য নেওয়ার সময়ে এই গুরুত্বপূর্ণ বিষয়ে মুখ্য স্টেকহোল্ডারদের জড়িত করে যেতে চায়।

গভর্নর Hochul-এর (হোকল) ভোক্তা সুরক্ষার প্রস্তাব

তার 2025 সালের স্টেট অফ দ্য স্টেটের অংশ হিসেবে, গভর্নর Hochul (হোকল) ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্সিয়াল সার্ভিসেসকে নির্দেশ দিয়েছেন যাতে তারা প্রতারণামূলক ব্যাংকিং প্র্যাকটিসকে টার্গেট করতে এবং একইসাথে উচ্চমানের ব্যাংকিং সার্ভিসের অ্যাক্সেস ধরে রাখতে নিয়মকানুন তৈরি করে। এই নিয়মকানুন লুণ্ঠনমূলক ফি নিষিদ্ধ করবে, দৈনিক ওভারড্রাফ্ট চার্জের সংখ্যা সীমিত করবে, এবং সময়মতো নোটিফিকেশন দেওয়ার মাধ্যমে স্বচ্ছতা বাড়াবে। এই ব্যবস্থাগুলি ভোক্তাদের সুরক্ষা দিবে এবং সকল নিউ ইয়র্কবাসীদের জন্য অ্যাক্সেসিবল এবং সাশ্রয়ী ব্যাংকিং সেবার ব্যবস্থা করবে।

গভর্নর Hochul (হোকল) লেজিস্লেশন প্রস্তাব করেছেন যা খুচরা বিক্রেতাদের জন্য নানা ধরণের পণ্যের জন্য সর্বনিম্ন 30-দিনের রিটার্ন উইন্ডো অফার করা আবশ্যক করবে, যদি না অন্য কিছু বলা থাকে। পাশাপাশি, গভর্নর Hochul (হোকল) দেশের প্রথম এমন লেজিস্লেশন প্রস্তাব করেছেন যা ব্যবসার জন্য অনলাইনে কেনাকাটা করা ব্যক্তিদের জানিয়ে দেওয়া আবশ্যিক করবে যে কখন তাদের ব্যক্তিগত ডেটা ব্যবহার করে দাম স্থির করা হয়েছে। ভোক্তাদের আরো সুরক্ষা দেওয়ার জন্য গভর্নর Hochul (হোকল) বাড়তি লেজিস্লেশনের প্রস্তাব করেছেন যাতে নিশ্চিত করা যায় যে বাতিল করার প্রক্রিয়া সরল, স্বচ্ছ, এবং ন্যায্য হয়, যা নিশ্চিত করবে যাতে একটি সাবস্ক্রিপশন বাতিল করা সাইন আপ করার মতোই সহজ হয়। এছাড়াও গভর্নর Hochul (হোকল) এমন লেজিস্লেশনের প্রস্তাব করেছেন যা এখন কিনে পরে দাম দেওয়ার (Buy Now Pay Later) সুযোগ প্রদানকারীদের জন্য একটি লাইসেন্সিং এবং সুপারভিশন ফ্রেমওয়ার্ক স্থাপন করবে। এনার্জি সার্ভিস কোম্পানিগুলিকে (Energy Service Companies, ESCOs) যে ক্লেইম করা হয়নি এমন ফান্ড নিউ ইয়র্কবাসীদের ফেরত দিতে হয় না তার সমাধান করার জন্য, গভর্নর Hochul (হোকল) এমন লেজিস্লেশনের প্রস্তাব করেছেন যা নিশ্চিত করবে যে ESCOs ইউটিলিটি কোম্পানিগুলির মতো একই আবশ্যিকতার অধীনে থাকে। বয়স্কদের আর্থিকভাবে প্রতারণা করার মোকাবেলা করতে গভর্নর Hochul (হোকল) এমন লেজিস্লেশন চান যা ফ্রড কর্মকাণ্ডের বিরুদ্ধে সুরক্ষা দিবে, নির্দিষ্ট সন্দেহজনক লেনদেন বন্ধ করতে ব্যাংক ও অন্যান্য প্রতিষ্ঠানকে আরো কর্তৃত্ব দিয়ে এবং সন্দেহজনক প্রতারণা ও ফ্রডকে আইন শৃঙ্খলা রক্ষাকারীদের কাছে এবং অ্যাডাল্ট প্রোটেক্টিভ সার্ভিসেসের (Adult Protective Services) কাছে রিপোর্ট করা বাধ্যতামূলক করার মাধ্যমে এটি করা হবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন